



স্মারক নং-০৫.৪৫.৭২০৪.০০০.১০.০০৪.১৭-৩৮৮

তারিখঃ ২৪ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
০৭ মে ২০২৩ খ্রি.

বিষয়ঃ শেখ রাসেল পদক ২০২৩ এর জন্য আবেদন আহ্বান প্রসংক্ষে।

সূত্রঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকার স্মারক নং-৫৬.০৪.০০০০.০০৮.২৩.০৩৩.২৩-
৩৪২, তারিখঃ ১০ এপ্রিল ২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের পুত্র শেখ রাসেলের অমর স্মৃতি শিক্ষার্থী এবং শিশু-কিশোরদের মধ্যে জ্ঞানপ্রত্ন রাখার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ১৮ অক্টোবর শেখ রাসেলের জন্মদিনের “শেখ রাসেল পদক” হিসেবে ঘোষণা করেছে। উক্ত দিবস উপলক্ষে অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোর এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে বিভিন্ন ক্যাটাগরীকে “শেখ রাসেল পদক-২০২৩” প্রদান করার সম্পর্কিত পত্রের ছায়ািলিপি এসাথে প্রেরণ করা হলো (ছায়ািলিপি সংযুক্ত)। উল্লেখ্য যে, আবেদনকারীগণ অনলাইনে আবেদন করার ঠিকানা। www.award.sheikhrussel.gov.bd

পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহঃ ১. শিক্ষা (ব্যক্তি) ২. বিজ্ঞান ও প্রযুক্তি (ব্যক্তি) ৩. ক্রীড়া (ব্যক্তি) ৪. প্রতিভাবান বিশেষ চাহিদাসম্পন্ন শিশু-কিশোর (ব্যক্তি) ৫. শিল্পকলা ও সংস্কৃতি (ব্যক্তি) ৬. ক্ষুদে প্রোগ্রামার (ব্যক্তি) ৭. ক্ষুদে উদ্ভাবক (ব্যক্তি) ৮. ক্ষুদে লেখক (ব্যক্তি) ৯. ডিজিটাল স্কুল (প্রতিষ্ঠান) ১০. ডিজিটাল এন্টিলেন্স (প্রতিষ্ঠান)

এমাতাবস্থায়, বর্ণিত পত্রের নির্দেশনা মোতাবেক যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
সংযুক্ত: ০১ (এক) ফর্দ।

(মো: শাকিল আহমেদ)

উপজেলা নির্বাহী অফিসার

আটপাড়া, নেত্রকোণা।

E-mail: unoatpara@yahoo.com

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
- ০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আটপাড়া, নেত্রকোণা (তৌর নিয়ন্ত্রণাধীন সকল স্কুল/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০৩। উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া, নেত্রকোণা (তৌর নিয়ন্ত্রণাধীন সকল প্রাথমিক বিদ্যালয়ের প্রধানগণকে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি, আটপাড়া, নেত্রকোণা (তৌর আটপাড়া উপজেলার ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অধ্যক্ষ/প্রিন্সিপাল/প্রধান শিক্ষক/সুপার.....আটপাড়া, নেত্রকোণা।
- ০৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ.....(সকল), আটপাড়া, নেত্রকোণা।
- ০৭। সভাপতি/সম্পাদক আটপাড়া প্রেস ক্লাব, আটপাড়া, নেত্রকোণা (ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ০৮। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.doict.gov.bd

স্মারক নং: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০৩৩.২৩-৬৪২

তারিখ: ২৭ চৈত্র ১৪২৯
১০ এপ্রিল ২০২৩




বিষয়: 'শেখ রাসেল পদক ২০২৩' এর জন্য আবেদন আহ্বান।

স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের জন্মশতাব্দী শিলালংকা এবং শিশু-কিশোরদের মধ্যে জাগ্রত রাখার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ১৮ অক্টোবর শেখ রাসেলের জন্মদিনকে 'শেখ রাসেল দিবস' হিসেবে ঘোষণা করেছে। এরই প্রেক্ষিতে আগামী ১৮ অক্টোবর ২০২৩ দেশব্যাপী 'শেখ রাসেল দিবস' পালিত হবে। উক্ত দিবস উপলক্ষ্যে অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোর এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় পর্যায়ে বিভিন্ন ক্যাটাগরিতে 'শেখ রাসেল পদক ২০২৩' প্রদান করার জন্য অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদন দাখিল, যাচাই-বাছাই, মূল্যায়ন ও ঘোষণার তফসিল নিম্নরূপঃ

পর্যায়	সময়সীমা
আবেদন আহ্বান/বিজ্ঞপ্তি প্রকাশ	১১ এপ্রিল
আবেদন দাখিল	১৫ এপ্রিল - ২০ মে
যাচাই-বাছাই কমিটি কর্তৃক বাছাইকরণ	২১ মে - ৩০ জুন
মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন কার্যক্রম সম্পন্নকরণ	০১ জুলাই - ৩১ আগস্ট
কেন্দ্রীয় কমিটি কর্তৃক চূড়ান্তকরণ	০১ সেপ্টেম্বর - ৩০ সেপ্টেম্বর
ঘোষণা	১৮ অক্টোবর

উল্লিখিত আবেদনের সময়সূচি অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

১. 'www.sheikhrussel.gov.bd' ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনপত্রের তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অস্পষ্ট এবং নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
২. আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় প্রমাণক আৱশ্যিকভাবে দাখিল করতে হবে;
৩. পুরস্কার প্রদানের ক্ষেত্রে পূর্ববর্তী সর্বাধিক ০৩ ক্যালেন্ডার বছর অর্থাৎ ২০২০, ২০২১ ও ২০২২ (জানুয়ারি-ডিসেম্বর) এর কর্মকাণ্ড বিবেচনাপূর্বক 'শেখ রাসেল পদক ২০২৩' প্রদান করা হবে;
৪. শেখ রাসেল পদক এর কোনো ক্ষেত্রে একবার পুরস্কার প্রাপ্ত হলে, ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠান একই উদ্ভাবন বা অবদানের জন্য পরবর্তীতে আর বিবেচিত হবেন না;
৫. প্রাতিষ্ঠানিক আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে আবেদন করতে হবে;
৬. আবেদন দাখিলের ক্ষেত্রে 'শেখ রাসেল পদক নীতিমালা ২০২২' অনুসরণ করতে হবে।
৭. উক্ত নীতিমালা এবং বিস্তারিত তথ্যের জন্য www.doict.gov.bd, www.ictd.gov.bd এবং www.sheikhrussel.gov.bd ওয়েবসাইট ভিজিট করার অনুরোধ করা হলো।


১০/০৪/২০২৩

মোঃ মোস্তফা কামাল
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮০ ২৪১ ০২৪০৭২
ই-মেইল: dg@doict.gov.bd